দৈনিক ইনকিলাব

তারিখ 18 NOV 1987
পৃষ্ঠা 4 কলাম 1

62

# উপজেলা পরিক্রমা

## ডিমলা

জলঢাকা (নীলফামারী), ১৭ নভেম্বর (সংবাদদাতা)।— ডিমলা উপজেলা নীলফামারী জেলার ঐতিহাসিক একটি উপজেলা। ডিমলা উপজেলার ইতিহাস প্রাচীন থেকে এ উপজেলায় রাজা-মহারাজার বাসভবন ছিল। বর্তমানেও উক্ত উপজেলায় রাজা জানকীর পুরাতন কুটির বিদ্যমান। তাছাড়াও এ উপজেলায় খগা, গয়বাড়ী, ঘড়ীবাদী আদর্শ গ্রাম। এ গ্রামে অনেক ভদ্র পরিবারের বাসস্থান। এ পরিবারের অনেক শিক্ষিত সন্তান দেশে-বিদেশে চাকরিরত। ডিমলা উপজেলার উত্তরে ভারতের কুচবিহার জেলা, পূর্বে হাতিবান্ধা উপজেলা, পশ্চিমে ডোমার উপজেলা এবং দক্ষিণে জলঢাকা উপজেলা অবস্থিত। এ উপজেলায় ১০টি ইউনিয়ন ও ৫৩টি গ্রাম-এর আয়তন ১২৬·৯৩ বর্গমাইল, জনসংখ্যা ১,৬১,০২৫ জন, পুরুষ ৮২,০২০ জন, মহিলা ৭৯,০০৫ জন। এ উপজেলার মধ্য দিয়ে সাতজান, করতোয়া, বুড়িতিস্তা নদী প্রবাহিত হয়েছে। এসব নদীর পলিবাহিত মাটিতে ধান-পাট প্রচুর জন্মে। এ উপজেলার পাথরখুরা নামক স্থানে প্রচুর পাথর পাওয়া যায়। তাছাড়াও বিভিন্নজাতের ফলের চাষ করা হয়।

### কৃষি ব্যবস্থা

ডিমলা উপজেলার আবহাওয়া মোটামুটি কৃষি উপযোগী। অতিবৃষ্টি বা অনাবৃষ্টিতে ফসলহানির সম্ভাবনা খুব বেশী। এ উপজেলায় মোট জমির পরিমাণ ১,৩৫,৩৩০ একর। মোট আবাদযোগ্য জমির পরিমাণ ৬০,১৪২ একর। একফসলী জমির পরমাণ ২৫,৫১৩ একর। দু-ফসলী জমির পরিমাণ ২৫,২৮৫ একর। তিনফসলী জমির পরিমাণ ৪,১০০ একর। অনাবাদী জমির পরিমাণ ২০,২৯০ একর।

ডিমলা উপজেলায় সেচ ব্যবস্থা তেমন উন্নত হয়নি। এখানে সেচ এলাকা প্রায় ৭০ হাজার একর। মোট গভীর নলকূপ ৫টি, অগভীর নলকূপ ৫০৮টি, পাওয়ার নলকূপ ১১টি, হস্তচালিত নলকূপ ১,০২০টি এবং বাঁশের নলকূপ ১০৮টি, কৃষি সমবায় সমিতি ৫৮টি, মৎস্য সমিতি ৩টি, তাঁতী সমিতি ২টি, ভোগ্যপণ্য সমিতি ১টি, মজাপুকুর খনন সমিতি ১টি, বিআরডিবি সমিতি ১০টি। বর্তমানে এসব সমিতির মধ্যে উন্নয়ন প্রকল্পে অনেক ঘাবলা সৃষ্টি হয়েছে। অনেক সমিতিও প্রায় বন্ধ হওয়ার উপক্রম।

অনাবাদী ৪ হাজার ৯৮টি পুকুর ও দীঘি মৎস্য চাষের আওতায় এনে দৌলতখান উপজেলাকে মৎস্যে স্বনির্ভর করে অন্যান্য অঞ্চলের চাহিদা পূরণ সম্ভব বলে অভিজ্ঞ মহলের ধারণা।